

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।


[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)/Fax- 8189029

স্মারক নং ৪৭.৬২.৮৭.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩. ৫২

তারিখঃ ১৬/০১/১৯শ্বিঃ

বিষয়ঃ সমিতি হতে আদায়কৃত অর্থ ব্যাংক হিসাবে জমাকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পটি বর্তমানে বিআরডিবি'র ব্যবস্থাপনায় কর্মসূচি আকারে চলমান রয়েছে। প্রকল্পের আওতায় বিতরণকৃত ঋণ সাপ্তাহিক ভিত্তিতে আদায়পূর্বক একইদিনে ব্যাংকে জমা দেয়া এবং কোন যৌক্তিক কারণে ব্যাংক আওয়ারের মধ্যে ব্যাংকে জমা দিতে না পারলে হিসাব সহকারীর নিকট জমাদানপূর্বক মাঠ সংগঠক কর্তৃক দৈনিক জমা রশিদ বুঝে নিতে হবে; যা পরবর্তী কার্যদিবসে হিসাব সহকারি ব্যাংকে নিজ দায়িত্বে জমা করবেন। প্রকল্প সদর কার্যালয় থেকে এরূপ নির্দেশনা থাকা সত্ত্বেও যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না। ফলে কিছু কিছু ক্ষেত্রে হস্তমজুদ/আল্লাসাতের ঘটনা ঘটছে বা ঘটার সম্ভাবনা রয়েছে। আবার মাঠসংগঠক কর্তৃক আদায়কৃত অর্থ সাথে সাথে জমা না দিয়ে হস্তগত রাখায় ঋণ কার্যক্রমে পেপার-ট্রানজেকশনসহ বিভিন্ন ধরনের অনিয়মের সুযোগ তৈরি হচ্ছে। কর্মসূচির ঋণ তহবিলের অর্থের আল্লাসাত/হস্তমজুদ বা পেপার-ট্রানজেকশনসহ বিভিন্ন অনিয়মের দরুন কর্মসূচির উপজেলা পর্যায়ের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার দায় এড়ানোর সুযোগ নেই। এমতাবস্থায়, সাপ্তাহিক স্টাফ মিটিং চলাকালে মাঠসংগঠক কর্তৃক আদায়কৃত অর্থ যথাযথভাবে জমা হচ্ছে কিনা সে বিষয়ে তদারকি জোড়দার করার জন্য পুনঃ নির্দেশনা দেয়া হলো।

  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি, (প্রকল্পভূক্ত সকল উপজেলা)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. উপপ্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, (প্রকল্পভূক্ত সকল জেলা)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, (প্রকল্পভূক্ত সকল উপজেলা)।
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস নথি/গার্ড ফাইল।